



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন  
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭  
web: www.ugc.gov.bd



নম্বর: ৩৭.০১.০০০০.১৩১.৯৯.০০৯.২০.১১৫

তারিখ: ২৬ মাঘ ১৪২৮  
০৯ ফেব্রুয়ারি ২০২২

প্রাপক:

প্রফেসর ড. এ এস এম আবু দায়েন, বাংলা বিভাগ  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বিষয়: সিন্ডিকেট সদস্য মনোনয়ন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ১৭ এর 'ছ' উপ-ধারা অনুযায়ী বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর প্রতিনিধি হিসেবে আপনাকে আগামী ০২ (দুই) বছরের জন্য এন. পি. আই ইউনিভার্সিটি অব বাংলাদেশ, মানিকগঞ্জ এর 'সিন্ডিকেট সদস্য' হিসাবে মনোনয়ন প্রদান করা হলো। কমিশনের প্রত্যাশা, আপনার অনবদ্য ভূমিকা এবং সুযোগ্য নেতৃত্বে উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়ন ও সুশাসন প্রতিষ্ঠায় বিশ্ববিদ্যালয়টি সঠিক ও বাস্তবমুখী দিক নির্দেশনা পেতে সক্ষম হবে। উল্লেখ্য যে, কমিশন মনোনীত সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্বপালনকালে উক্ত বিশ্ববিদ্যালয়ের কোনো পূর্ণকালীন/খন্ডকালীন শিক্ষক/উপদেষ্টা হিসাবে অথবা অন্য কোনো উপায়ে লাভজনক ভূমিকায় সম্পৃক্ত হওয়া যাবে না।

২। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট পরিচালনার নীতিমালা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৩। এই মনোনয়নের বিষয়ে আপনার সদয় সম্মতি থাকলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

কমিশনের অনুমোদনক্রমে,

৯-২-২০২২

মোঃ ওমর ফারুখ

পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ)

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) রেজিস্ট্রার, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
- ৩) রেজিস্ট্রার, এন. পি. আই ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ১৭৩/৩, নারাজাই, মানিকগঞ্জ (সিন্ডিকেট সদস্য মহোদয়কে আমন্ত্রণ জানানো এবং সিন্ডিকেট সভায় সদস্যের উপস্থিতি নিশ্চিত করার অনুরোধসহ)
- ৪) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা ( পি ও), বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (গার্ড ফাইলে সংরক্ষণের জন্য)।
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৮) মহানথি/নথি , ইউজিসি



১-২-২০২২

মোঃ শরিফুল ইসলাম  
সিনিয়র সহকারী পরিচালক